

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.১৩৬.১৮-১৭৬

তারিখঃ ১৩ চৈত্র ১৪২৫
২৭ মার্চ ২০১৯

বিষয়ঃ মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত কনটেম্পট পিটিশন নং-৯৫/২০১৯ (রিট পিটিশন নং-৮৮০২/২০১৮ হতে উদ্ভূত) মামলার বিষয়ে ব্যবস্থা গ্রহণ করে গৃহীত কার্যক্রম TMED -কে অবহিতকরণ।

- সূত্রঃ (১) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪৬.০৪.১৩৬.১৮-৪৫২, তারিখ: ২০.১১.২০১৮ খ্রি।
(২) ভুরারঘাট এম.ইউ. বহুমুখী ফাজিল (ডিগ্রী) মাদ্রাসার অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) হতে প্রাপ্ত ১৫/০৯/২০১৮ খ্রি. তারিখের আবেদন।
(৩) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং-শা:১৪/অভি-২/২০০৮(অংশ-৩)/১৬৮, তারিখ: ১০/০৬/২০১৮ খ্রি।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, সূত্র (৩) মূলের মাধ্যমে গাইবান্ধা জেলার সুন্দরগঞ্জ উপজেলাধীন ভুরারঘাট এম.ইউ. বহুমুখী ফাজিল ভারপ্রাপ্ত অধ্যক্ষ জনাব মো: সাখাওয়াত হোসেন (২) মোবাস্শেরা মাহমুদা, সহকারী মৌলভী, (৩) মোছা: নাজমা বেগম, সহকারী মৌলভী, (৪) মো: আতিকুর রহমান, সহকারী শিক্ষক (কৃষি), (৫) মোছা: বিল আফরোজ, সহকারী শিক্ষক (সমাজ বিজ্ঞান) এর বেতন ভাতা স্থগিতসহ তাদের এমপিও কেন স্থায়ীভাবে বন্ধ করা হবে না, সে মর্মে কারণ দর্শানোর জন্য পত্র জারি করা হয়।

০২। উক্ত স্মারক (নং-শা:১৪/অভি-২/২০০৮(অংশ-৩)/১৬৮, তারিখ: ১০/০৬/২০১৮ খ্রি.) পত্রের আদেশের বিরুদ্ধে সংক্ষুব্ধ হয়ে বর্ণিত প্রতিষ্ঠানের প্রত্যাশক (আরবি) জনাব মো: সাখাওয়াত হোসেন গং (০৫ জন) কর্তৃক উক্ত স্মারকপত্রের কার্যক্রম স্থগিতাদেশ চেয়ে মাননীয় হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৮৮০২/২০১৮ দায়ের করা হয়।

০৩। মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক ১০/০৭/২০১৮ খ্রি. তারিখে রুল নিষ্পত্তি সাপেক্ষে গত ১০/০৬/২০১৮ খ্রি. তারিখের শা:১৪/অভি:২/২০০৮(অংশ-৩)/১৬৮ সংখ্যক স্মারকমূলে জারিকৃত পত্রের কার্যক্রম ০৬ (ছয়) মাস স্থগিত রাখার অন্তর্বর্তীকালীন আদেশ দেয়া হয়। আদেশটি নিম্নরূপ:

Subject to the disposal of the Rujle, the operation of the letter dated 10/06.2018 vide Memo No. শা:১৪/অভি:২/২০০৮(অংশ-৩)/১৬৮ (Annexure 'F' to the writ petition) so far as it relates to stopping MPO be stayed for a period of 06 (six) months from date.


০৪। মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক প্রদত্ত অন্তর্বর্তীকালীন আদেশ সরকারের বিপক্ষে ঘোষিত হওয়ায় জবুরিভিত্তিতে vacate করার পদক্ষেপ নিয়ে গৃহীত পদক্ষেপের তথ্যাদি (প্রমাণকসহ) ১০.১২.১৮ খ্রি. তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণের জন্য সূত্র (১) মূলের মাধ্যমে মহোদয়কে অনুরোধ করা হয়। অদ্যাবধি উক্ত পত্রের বিষয়ে গৃহীত কার্যক্রম TMED-তে নেই।

০৫। ইতোমধ্যে রিট মামলার অন্তর্বর্তীকালীন আদেশ বাস্তবায়ন না হওয়ায় পিটিশনার কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে কনটেম্পট পিটিশন নং- ৯৫/২০১৯ দায়ের করা হয়। উক্ত কনটেম্পট মামলায় মামলায় ১নং Contemnor- Respondents হলেন যথাক্রমে সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এবং ২নং Contemnor- Respondents মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।

০৬। এমতাবস্থায় নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ করে আগামী ১১.০৪.২০১৯ খ্রি: এর মধ্যে এ বিভাগ-কে অবহিত নিশ্চিত করার আবশ্যিক:

- (ক) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের নিজস্ব বিজ্ঞ কৌশলী দ্বারা কনটেম্পট পিটিশন নং-৯৫/২০১৯ (রিট পিটিশন নং-৮৮০২/২০১৮ হতে উদ্ভূত) মামলাটি সরকার পক্ষে পরিচালনা নিশ্চিত করা;
- (খ) কনটেম্পট পিটিশন নং-৯৫/২০১৯ মামলার জবাব দাখিলের জন্য ওকালতনামা ও অথরাইজেশন লেটার সচিব মহোদয়ের সদয় স্বাক্ষরের নিমিত্ত (ডিএমই কর্তৃক) TMED -তে প্রেরণ নিশ্চিত করা;
- (গ) কনটেম্পট রুলের জবাব প্রদানের সময়সীমা ইতোমধ্যে অতিক্রান্ত হওয়ায় ইতোমধ্যে জবাব প্রদান করা না হয়ে থাকলে জবাব দাখিলের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা;
- (ঘ) রিট মামলার অন্তর্বর্তীকালীন আদেশ vacate করা হয়েছে কিনা? না হয়ে থাকলে vacate না হওয়ার কারণ ব্যাখ্যাসহ অন্তর্বর্তীকালীন আদেশ vacate ক্রমে এ সংক্রান্ত তথ্য TMED -তে প্রেরণ করা।

০৭। বর্ণিত অবস্থায়, উপরি-উক্ত মতে ব্যবস্থা গ্রহণক্রমে গৃহীত তথ্যাদি (প্রমাণকসহ) আগামী ১১.০৪.২০১৯ খ্রি. তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে মহোদয়কে বিনীত অনুরোধ করা হলো।


(মো: জাহাঙ্গীর হোসেন বেপারী)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন- ৯৫৮৬৫৮৩


মহাপরিচালক
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-৩
০৭/৩/এ, ইন্সটান গার্ডেন রোড, রমনা, ঢাকা।

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.১৩৬.১৮-১৭৬/১(৫)

তারিখঃ ১৩ চৈত্র ১৪২৫
২৭ মার্চ ২০১৯

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (আদেশটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৫। মাস্টার কপি/অফিস কপি।


(মো: জাহাঙ্গীর হোসেন বেপারী)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন- ৯৫৮৬৫৮৩